

# SALTORA NETAJI CENTENARY COLLEGE

Department of Philosophy

*Subject- Value Education*

পাঠ পর্যালোচনা - মূল্যবোধের প্রকারভেদ



*Powerpoint Presentation*

*By*

*Mousumi Mandal*

*(State Aided College Teacher)*

## মূল্যবোধ

শিক্ষা ভালো-মন্দ বিচার করতে শেখায়। এই ভালো-মন্দের  
বিচার মূল্যবোধের ওপর ভিত্তি করেই গড়ে উঠে।  
মূল্যবোধের অনুপস্থিতিতে পরিবার, সমাজ, রাষ্ট্র, পরিবেশ ও  
রাজনীতিসহ সর্বত্র মানবজীবন ব্যবস্থা হয়ে উঠে অস্থিতিশীল।  
একজন শিক্ষক শিক্ষার্থীকে মূল্যবোধে উজ্জীবিত করে  
সমাজকে করতে পারে আলোকিত ও উদ্ভাসিত।

# মূল্যবোধের প্রকারভেদ

1. অর্থনৈতিক মূল্যবোধ (Economic Value)
2. সামাজিক মূল্যবোধ (Social Value),
3. শারীরিক ও বিনোদনমূলক মূল্যবোধ  
(Physical and Recreational Value),
4. নৈতিক মূল্যবোধ (Moral Value)
5. সৌন্দর্যের মূল্যবোধ (Aesthetic Value),
6. সাংস্কৃতিক মূল্যবোধ (Cultural Value),
7. বৌদ্ধিক মূল্যবোধ (Intellectual Value)
8. ধর্মীয় মূল্যবোধ (Religious Value)।

## ১। অর্থনৈতিক মূল্যবোধ-

সাধারণভাবে যেসব বস্তুর বিনিময়ে অর্থ লাভ করা যায় সেসব বস্তুর আর্থিক মূল্য আছে বলে ধরে নেওয়া হয়। বিষয়টি বিশ্লেষণ করলে দেখা যায়, যেসব বস্তুর আনন্দ প্রদানের সক্ষমতা আছে সেগুলোকে আর্থিক মূল্যসম্পন্ন বলে বিবেচনা করা হয়। অর্থাৎ অর্থের সঙ্গে বস্তুসামগ্রীর বা জীবন উপভোগের সংযুক্তি আছে বলেই তার আর্থিক মূল্য রয়েছে। বস্তুজগতের সঙ্গে আনন্দানুভূতির সংযোজন প্রয়োজন। আর এ সংযোজনের জন্য প্রয়োজন যথাযথ প্রশিক্ষণ। সুতরাং পরিকল্পিত শিক্ষার মাধ্যমে উপভোগ্য বস্তুসামগ্রীর সঙ্গে ব্যক্তিগত আনন্দানুভূতির সংযোগ স্থাপন করে ব্যক্তিজীবনে অর্থনৈতিক মূল্যবোধ জাগ্রত করা যায়। ব্যক্তির আর্থিক কার্যাবলি পরিচালনার মাধ্যমে অর্থনৈতিক মূল্যবোধ প্রকাশ পায়।

## ২। নৈতিক মূল্যবোধ-

মানুষের ভালো-মন্দ, উচিত-অনুচিত, ন্যায়-অন্যায় বোধ নিয়ে নৈতিক মূল্যবোধ গঠিত। নৈতিক মূল্যবোধের কারণে সমাজে মানুষ নীতিবর্জিত কর্মকাণ্ড থেকে বিরত থাকে। নৈতিক মূল্যবোধ সমাজে মানুষের সম্প্রীতির বন্ধন সুদৃঢ় করে এবং মানুষের মধ্যে ঐক্য সৃষ্টি করে।

### ৩। সামাজিক মূল্যবোধ-

ব্যক্তির যেসব গুণ, আচার-আচরণ ও কর্মকাণ্ড সমাজজীবনকে নিয়ন্ত্রণ করে এবং সমাজে শৃঙ্খলা স্থাপন করে, ব্যক্তির সেসব আচরণ ও কর্মকাণ্ডের সমষ্টিকে সামাজিক মূল্যবোধ বলে। সামাজিক মূল্যবোধ সামাজিক ঐক্য ও শান্তি-শৃঙ্খলার চাবিকাঠি। সামাজিক মূল্যবোধ ব্যক্তিকে সামাজিক বন্ধনে আবদ্ধ করে। সামাজিক মূল্যবোধ বলতে শৃঙ্খলাবোধ, ন্যায়পরায়ণতা, সততা, শিষ্টাচার, সহনশীলতা ইত্যাদিকে বোঝায়।

### ৪। শারীরিক ও

বিনোদনমূলক মূল্যবোধ-  
মানুষের জীবনের বিভিন্ন রকম চাহিদার মধ্যে জৈবিক ও মনোবৈজ্ঞানিক চাহিদাগুলো গুরুত্বপূর্ণ। ব্যক্তি জীবনে এসব জৈবিক ও মনোবৈজ্ঞানিক চাহিদাগুলো এমনভাবে পরিতৃপ্ত হতে হবে যাতে ব্যক্তিসত্তার বিকাশ আদর্শ পথে হয় এবং সবশেষে ব্যক্তি আদর্শ জীবনের অধিকারী হতে পারে। এজন্য ব্যক্তির উপযুক্ত প্রশিক্ষণের প্রয়োজন।

## ৫। সৌন্দর্য সন্মোগের মূল্যবোধ-

এক বিশেষ ধরনের অনুভূতিমূলক অভিজ্ঞতা-ই হচ্ছে সৌন্দর্য সন্মোগ। এ অভিজ্ঞতা লাভের জন্য প্রয়োজন ব্যক্তির পূর্ব অভিজ্ঞতা এবং ব্যক্তির মধ্যে ইতিবাচক অনুভূতি জাগিয়ে তোলা। সৌন্দর্য সন্মোগ তখনই সম্ভব হয় যখন আমরা কোন বস্তু, ঘটনা বা পরিস্থিতিকে পূর্ব অভিজ্ঞতার সমন্বয়ে এককভাবে প্রত্যক্ষ করি এবং তার ওপর আমাদের ব্যক্তিগত অনুভূতিকে প্রয়োগ করি। বস্তুজগতে এভাবে প্রত্যক্ষণ, উন্নত ব্যক্তিসত্তার পরিচায়ক। আর এজন্য যে মানসিক অবস্থার সৃষ্টি হয় তাকে বলে সৌন্দর্য সন্মোগের মূল্যবোধ।

## ৬। সাংস্কৃতিক মূল্যবোধ-

সমাজে দীর্ঘদিন ধরে প্রচলিত ধ্যানধারণা, অভ্যাস, রীতিনীতি সাংস্কৃতিক মূল্যবোধ তৈরি করে। সমাজব্যবস্থায় একত্রে বসবাস করা, বিভিন্ন আচার-অনুষ্ঠান পালন, পারস্পরিক শ্রদ্ধাবোধ, শ্রমের মর্যাদা, সৌজন্য, ক্ষমাশীলতা ইত্যাদি সাংস্কৃতিক মূল্যবোধ। সামাজিক উন্নয়নের লক্ষ্যে সাংস্কৃতিক মূল্যবোধ বিশেষভাবে কাজ করে থাকে।

## ৭। বৌদ্ধিক মূল্যবোধ-

কোনো বিষয়কে বাস্তবিকভাবে বোঝার সামর্থ্যই হচ্ছে বুদ্ধিবৃত্তিক মূল্যবোধ।

আমরা সমাজ বা পরিবেশে অনেক বিষয় দেখতে পাই, এই বিষয়গুলো বিভিন্ন জন বিভিন্নভাবে গ্রহণ করে।

সমাজ বা পরিবেশ থেকে উদ্ভূত কোনো বিষয়কে যৌক্তিকভাবে গ্রহণ করা বুদ্ধিবৃত্তিক মূল্যবোধের মধ্যে

পড়ে। এ ধরনের মূল্যবোধ উত্তরাধিকারসূত্রে মানুষ পায়, আবার অনেকে নিজেও অর্জন করে।

সামাজিক শৃঙ্খলা রক্ষায় বুদ্ধিবৃত্তিক মূল্যবোধ খুবই প্রয়োজন।

## ৮। ধর্মীয় মূল্যবোধ-

সমাজজীবনে মানুষের আচার-আচরণ, অভ্যাস, রীতিনীতি ধর্মীয় মূল্যবোধ দ্বারা নিয়ন্ত্রিত

হয়। ব্যক্তিগত ও

সমাজজীবনে ধর্মীয় অনুশাসন, বিধিবিধান পালন, অন্য ধর্মকে হেয় না করা, সব ধর্মের প্রতি শ্রদ্ধাশীল ও সহনশীল হওয়া

ইত্যাদি ধর্মীয় মূল্যবোধের

অংশ। অসাম্প্রদায়িক

রাষ্ট্রব্যবস্থা গড়ে তুলতে ধর্মীয় মূল্যবোধের চেতনা অপরিহার্য।

# তথ্য ঋণ স্বীকার

<https://www.bishleshon.com/3889/>

<https://sahajpora.com/news/3800/>

<https://nagorikvoice.com/17508/>





THANK YOU